গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ১২০৭।
www.cca.gov.bd

24/04/19

বিষয় : ফেব্রুয়ারি, ২০১৯ সিসিএ কার্যালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব আবুল খায়ের মোঃ আক্কাস আলী, উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
স্থান : সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
তারিখ ও সময় : ১৮.০২.২০১৯ খ্রি: বেলা ০৩:০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সিসিএ কার্যালয়ের উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে স্ব-প্রণোদিত হয়ে কাজ করার আহবান জানান। এ সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতি কর্মকর্তাগণকে বিশেষ গুরুত্ব দেয়ার নির্দেশ দেন। এ সভায় সিসিএ কার্যালয়ের নিয়ন্ত্রক মহোদয় সহ সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় ১৯/০২/২০১৯ খ্রি: তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য নাগরিক সেবার উদ্ভাবনী কার্যক্রমে অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভায় অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ডকুমেন্ট সিসিএ কার্যালয়ের তথ্যসমূহ পর্যালোচনা করা হয়। এছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | পূর্ববর্তী সভার আলোচনা | সভার আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। ইনোভেশন কার্যক্রম | ক) প্রথমেই নিয়ন্ত্রক মহোদয় সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তাকে apolitical.co পোর্টালে সদস্য হওয়ার অনুরোধ জানান। এ পোর্টালটি হচ্ছে বিশ্বব্যাপী সরকারি ইনোভেশন আইডিয়াসমূহের একটি ব্যাংক যার মাধ্যমে সকল ধরনের ইনোভেশন আইডিয়ার ধারণা গ্রহণ করা সহজ হবে। | ক) সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তাকে apolitical.co পোর্টালে সদস্য হওয়ার অনুরোধ জানানো হয়। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| | খ) ২০.১১.২০১৮ খ্রি: তারিখে ই-সাক্ষ্য সফটওয়্যার হোস্টিং করার জন্য জাতীয় ডাটা সেন্টারে ০৩ (তিন) টি সার্ভার স্থাপন ও ০৩ (তিন) টি আইপি এ্যাড্রেস বরাদ্দের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ডাটা সেন্টারে হোস্টিং করে এ সফটওয়্যার কার্যকরী করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং সফটওয়্যার কার্যকরী করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন) |
| | গ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ | গ) সিসিএ কার্যালয় হতে ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে বাস্তবায়নকৃত ছুটি ব্যবস্থাপনা সফটওয়্যারটি বিভিন্ন | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবং সিসিএ কার্যলয়ের |

| | | | |
|---|---|---|---|
| | করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে উক্ত সফটওয়্যারের ডকুমেন্টেশন, ব্যবহার বিধি ও লিফলেট প্রস্তুত করা প্রয়োজন এবং বিভিন্ন ওয়ার্কশপের মাধ্যমে সফটওয়্যারটি প্রদর্শন করা যেতে পারে।<br><br>ঘ) ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম হিসেবে Training Calendar Software তৈরীর জন্য ১৩ জানুযায়ী ২০১৯ খ্রি: তারিখে দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়। সফটওয়্যার উন্নয়নকারী প্রতিষ্ঠানের সাথে সময়ে সময়ে আলোচনা করে উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় রেপলিকেশনের উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়াও এ সফটওয়্যারটির ব্যবহারবিধি সহজভাবে প্রস্তুত করতে হবে এবং প্রচারণার জন্য TVC অথবা লিফলেট প্রস্তুত করতে হবে।<br><br>ঘ) সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে এবং সময়ে সময়ে সফটওয়্যার ডেভলপারের সাথে সিসিএ কার্যালয়ের কর্মকর্তাগণ আলোচনা করবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| ২। কর্মশালা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইনোভেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ১২/০২/২০১৯ খ্রি: তারিখে ০১ দিনের কর্মশালা আয়োজন করা হয়েছে। ইনোভেশন আইডিয়া গ্রহণের জন্য সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী ও সিএ প্রতিষ্ঠানকে নিয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা যেতে পারে। | ইনোভেশন আইডিয়া গ্রহণের জন্য সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী ও সিএ প্রতিষ্ঠানকে নিয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৩। সফটওয়্যার টেস্টিং | গত ২৪ ডিসেম্বর ২০১৮ তারিখে এ কার্যালয়ের ইনোভেশনের আওতায় প্রস্তুতকৃত সফটওয়্যার সমূহের Security test, functional test এবং পারফরমেন্স টেস্ট করার জন্য বিসিসি'কে পত্র প্রেরণ করা হয়েছে। সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা কর্তৃক পারফরমেন্স টেস্ট করা হচ্ছে। | এ কার্যালয়ের ইনোভেশনের আওতায় প্রস্তুতকৃত সফটওয়্যার সমূহের Security test, functional test এবং পারফরমেন্স টেস্ট করার জন্য বিসিসি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৪। ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার | সিসিএ কার্যালয়ে ই-নথি কার্যক্রম আরও তরান্বিত করা প্রয়োজন। ইতোমধ্যে সকল নথি কার্যক্রম ই-নথিতে সম্পন্ন হচ্ছে। কিন্তু ই-নথিতে নথি নিষ্পন্নকরণ সহ পত্র জারি আরও দ্রুততার সহিত সম্পন্ন করা প্রয়োজন। এ কার্যালয়ের ০৫ জন কর্মকর্তা ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করছে। এ সভায় সিসিএ কার্যালয়ে সকল কর্মকতা/কর্মচারী ইনোভেশন টিমের সহায়তায় ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর সংযুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে। এজন্য সকলকে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ইস্যু করার সময় জাতীয় পরিচয় পত্রের নাম্বার ই-নথিতে ব্যবহৃত জাতীয় পরিচয় পত্র নাম্বারের সাথে মিল রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সকল নথি কার্যক্রম ই-নথিতে আরও দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে। এ কার্যালয়ের সকল কর্মকর্তাকে ই-নথিতে ডিজিটাল স্বাক্ষর সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী |

| | | | |
|---|---|---|---|
| **৫। ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিসিএ কার্যালয়ের ওয়েবসাইট সবসময় হালনাগাদ রাখতে হবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট সবসময় ভিজিট করে সে অনুযায়ী হালনাগাদ করতে হবে। | সিসিএ কার্যালয়ের ওয়েবসাইট সবসময় হালনাগাদ রাখতে হবে। | সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন) |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

20.2.19

আবুল খায়ের মোঃ আক্কাস আলী
উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
☎: +৮৮ ০২-৮১৮১৭০৯
akkas.ali@cca.gov.bd

স্মারকনং-৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৬- ৪৫

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৫ / ২০ ফেব্রুয়ারি ২০১৯

বিতরণ: সদয় অবগতি জন্য ও কার্যার্থে

১। নিয়ন্ত্রক (যুগ্ম-সচিব), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন/ আইসিটি/ সাইবার অপরাধ ও নিরাপত্তা), সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন/ আইন/ আইটি সিকিউরিটি / ইমার্জেন্সি রেসপন্স/ডাটাবেজ ও ওয়েব অ্যাডমিনিস্ট্রেশন) সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪। জনাব তানজিলা মেহেনাজ, সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭। [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ]।
৫। আইন কর্মকর্তা/তদন্ত কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৬। হিসাব রক্ষক, উচ্চমান সহকারী, অফিস সহকারী, সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি:

১। চিফ ইনোভেশন অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। অফিস কপি।